তারিখ - 4 JUN 2017
পৃষ্ঠা 2 কলাম 2

দৈনিক
আমাদের সময়



# শিক্ষা খাতে প্রয়োজনীয় বরাদ্দ না পাওয়ায় আক্ষেপ শিক্ষামন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক ● প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাতে প্রয়োজনীয় বরাদ্দ না পাওয়ায় আক্ষেপ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তবে বাজেটের আকার বড় হওয়ায় অর্থ বৃদ্ধি পেয়েছে বলেও জানান তিনি। গতকাল বাংলাদেশ শিক্ষা তথ্য ও প্রশিক্ষণ ব্যুরোর (ব্যানবেইস) নবনিয়োগপ্রাপ্ত কর্মচারীদের অফিস ব্যবস্থাপনাবিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, গত বছর শিক্ষা খাতে মোট বাজেটের ১১ শতাংশ বরাদ্দ রাখা হয়েছিল। এ বছর তা কমিয়ে ১০ শতাংশ করা হয়েছে। এ অর্থ দিয়েই পরিকল্পিতভাবে আমাদের এগিয়ে যেতে হবে। নতুন কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, দেশ অনেক এগিয়ে গেছে। তাই বর্তমান সরকারের ভিশন-২০২১ বাস্তবায়নে সকলকে নিজ নিজ স্থানে নিজের মেধা-মনন দিয়ে দায়িত্ব পালন করতে হবে।

প্রসঙ্গত, ২০১৭-১৮ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে শিক্ষা ও প্রযুক্তিতে মোট ৬৫ হাজার ৪৪৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, যা মোট বাজেটের ১৬.৪ শতাংশ। এ বরাদ্দ জিডিপির ২ দশমিক ৯ শতাংশ, যা গতবছর ২ দশমিক ৭ শতাংশ ছিল। জিডিপি হারে দশমিক দুই শতাংশ বেড়েছে মাত্র।

আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী, একটি দেশের শিক্ষা খাত জিডিপির ৬ শতাংশ বা বাজেটের ২০ শতাংশ বরাদ্দ পেলে তা আদর্শ ধরা হয়। ২০১৬-১৭ বাজেটে এই খাতে ৫২ হাজার ৯১৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করেছিলেন অর্থমন্ত্রী, যা ছিল মোট বরাদ্দের ১৫ দশমিক ৫৩ শতাংশ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর